রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বর্ণের একটি আংটি বানালেন।

আব্দুল্লাহ ইবন উমার রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বর্ণের একটি আংটি বানালেন। তিনি যখন তা পরতেন তখন তার নকশাটি তার তালুর ভিতরে রাখতেন। লোকেরাও তাই করতো। তারপর একদিন তিনি মিম্বারে বসলে তা
খুলে ফেললেন এবং বললেন, আমি এ আংটিটি পরতাম এবং তার নকশাটি ভিতরের দিকে রাখতাম তারপর
তা ফেলে দিলেন। অতঃপর বললেন, আল্লাহর কসম আমি তা আর কখনো পরিধান করবো না। লোকেরাও তাদের আংটিসমূহ নিক্ষেপ করে দিল। অপর শব্দে বর্ণিত, সেটিকে সে তার ডান হাতে রেখে
দিল।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্য একটি স্বর্ণের আংটি বানানোর নির্দেশ দিলেন। আর যখন তিনি তা পরতেন তখন তার নকশাটি তার হাতের কব্জির ভিতরের দিকে রাখতেন। সাহাবীগণ এ বিষয়ে তার অনুসরণ করল এবং তারা তাই করল যা তিনি করলেন। কিছুদিন পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিম্বারের ওপর বসলেন যাতে তাকে মানুষ দেখতে পায়। অতঃপর তিনি বললেন, আমি এ আংটিটি পরিধান করতাম এবং তার নকশা কব্জির নিচে রাখতাম। তারপর তা তিনি ফেলে দিলেন এবং বললেন, আল্লাহর কসম আমি তা আর কখনো পরিধান করবো না। এটি ছিল নিষিদ্ধ হওয়ার পর। তারপর সাহাবীগণও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুকরণে তাদের আংটিসমূহ নিক্ষেপ করে দিলেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/2951